

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩৮১

১৫/ विधि-विधान ও विठात (اكتاب الأحكام عن رسول الله الله عن رسول الله عن الله

পরিচ্ছেদঃ অবোধ জীব জন্তুর আঘাত বাতিল।

باب مَا جَاءَ فِي الْعَجْمَاءِ جُرْحُهَا جُبَارٌ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " الْعَجْمَاءُ جُرْحُهَا جُبَارٌ وَالْبِئْرُ جُبَارٌ وَالْبِئْرُ جُبَارٌ وَالْمِعْدِنُ جُبَارٌ وَفِي الرِّكَازِ الْخُمُسُ ".

حَدَّتَنَا قُتَيْبَةُ، حَدَّتَنَا اللَّيْتُ، عَنِ ابْنِ شِهَابِ، عَنْ سَعِيد بْنِ الْمُسَيَّبِ، وَأَبِي، سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صلّى الله عليه وسلم نَحْوَهُ . قَالَ وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ وَعَمْرِو بْنِ عَوْفُ الْمُزَنِيِّ وَعُبَادَةَ بْنِ الصَّامِتِ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي عَنْ جَابِرٍ وَعَمْرِو بْنِ عَوْفُ الْمُزَنِيِّ وَعُبَادَةَ بْنِ الصَّامِتِ . قَالَ أَبُو عِيسَى حَديثُ أَبِي هُرَيْرَةَ حَديثٌ حَسَنٌ صَحِيحٌ . حَدَّثَنَا الأَنْصَارِيُّ حَدَّثَنَا مَعْنٌ قَالَ أَجْبَرَنَا مَالِكُ بْنُ أَنسٍ وَتَفْسِيرُ حَديثُ النّبِيِ صلى الله عليه وسلم " الْعَجْمَاءُ جُرْحُهَا جُبَارٌ " . فَسَّرَ ذَلِكَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ فِيهِ . قَالَ أَبُو عِيسَى وَمَعْنَى قَوْلِهِ " الْعَجْمَاءُ جُرْحُهَا جُبَارٌ " . فَسَّرَ ذَلِكَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ فِيهِ . قَالَ أَبُو عِيسَى وَمَعْنَى قَوْلِهِ " الْعَجْمَاءُ جُرْحُهَا جُبَارٌ " . فَسَّرَ ذَلِكَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ فَيهَا إِنْسَانٌ فَلاَ غُرْمَ عَلَى صَاحِبِهَا فَمَا أَصَابَتْ فِي انْفِلاَتِهَا فَلاَ غُرْمَ عَلَى صَاحِبِهَا . " وَالْمَعْدِنُ جُبَارٌ " . يَقُولُ إِذَا احْتَفَرَ الرَّجُلُ مَعْدَنًا فَوَقَعَ فِيهَا إِنْسَانٌ فَلاَ غُرْمَ عَلَى عَلَيْهِ وَكَذَلِكَ الْبِثُلُ إِذَا احْتَفَرَهَا الرَّجُلُ لِلسَّبِيلِ فَوَقَعَ فِيهَا إِنْسَانٌ فَلاَ غُرْمَ عَلَى صَاحِبِهَا . " وَالرِّكَارُ الْخُمُسُ " . وَالرِّكَازُ مَا وُجِدَ فِي دَفْنِ أَهْلِ الْجَاهِلِيَّةِ . فَمَنْ وَجَدَ رِكَازًا وَمَا بَقِيَ فَهُو لَهُ .

বাংলা

১৩৮১. আহমাদ ইবনু মানী (রহঃ) আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, অবোধ জীব জন্তুর আঘাত বাতিল, কুপে পতিত হয়ে মৃত্যু (এর ক্ষতিপূরণ) বাতিল, খনিতে পতিত হয়ে মৃত্যু (এর ক্ষতিপূরণ) বাতিল। আর ভূগর্ভে প্রাপ্ত ধনে এক পঞ্চমাংশ ধার্য



হবে। - ইবনু মাজাহ ২৫০৯, ২৬৭৩, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১৩৭৭ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবৃ ঈসা (রহঃ) বলেন, এই বিষয়ে জাবির, আমর ইবন আউফ মুযানী, উবাদা ইবনুস সামিত রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। কুতায়বা (রহঃ) আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে অনুরূপ বর্ণিত আছে। আনসারী (রহঃ) মা'ন (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, মালিক ইবনু আনাস রাদিয়াল্লাহু আনহু বলেছেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর এই হাদীসটির ব্যাখ্যা হলো, الْعَجْمَاءُ جُرُحُهَا جُبَالً আবাধ জীব-জন্তুর আঘাত বাতিল, এই বাক্যটির মর্ম প্রসঙ্গে কতক আলিম বলেন, কোন জন্তুর মালিকের নিয়ন্ত্রণের বাইরে চলে গেলে নিয়ন্ত্রণাহীন অবস্থায় সেটি যদি অন্যের ক্ষতিকর কিছু করে বসে তবে তার মালিকের উপর কোন জরিমানা বা দন্ড বর্তাবে না।

وَالْمَعْدِنُ جُبَالٌ"খনিতে পতিত হয়ে মৃত্যু বাতিল" বাক্যটির মর্ম হলো, কেউ যদি (যথাযথ অনুমোদ নিয়ে) খনি খনন করে আর তাতে কেউ পড়ে মারা গেলে এর মালিকের উপর কোন জরিমানা বা দন্ড বর্তাবে না। অনুরূপে কেউ যদি পথিকদের জন্য রাস্তার পার্শ্বে কুপ খনন করে আর তাতে পড়ে কেউ মারা যায় তবে মালিকে উপর কোন জরিমানা বা দন্ড বর্তাবে না وَفِي الرِّكَازِ الْخُمُسُ "ভূগর্ভস্থ সম্পদে এক পঞ্চমাংশ ধার্য হবে" বাক্যটির মর্ম হলো, کاز, আর্থ অনৈসলামী যুগে ভূগর্ভে প্রোথিত গুপ্তধন। এই সম্পদ যদি কারো হস্তগত হয় তবে সে সরকারকে এর এক পঞ্চমাংশ দিবে আর বাকী অংশ হবে তার নিজের।

English

Narrated Abu Hurairah:

that the Messenger of Allah (ﷺ) said: "The injuries caused by the animal are without liability, and wells are without liability, and mines are without liability, and the Khumus is due on Rikaz." (Another Chain) from Abu Hurairah, from the Prophet (ﷺ) with similar meaning.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন